

REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date : 22-06-2026
Time: 07.35-07.40 AM Hrs
BENGALI MORNING BULLETIN

IYD-PM:

‘সুস্থ বার্ধক্যের জন্য যোগ’ এই ভাবনায় ভারতসহ সারা বিশ্বে গতকাল দ্বাদশ আন্তর্জাতিক যোগ দিবস পালন করা হয়। কেন্দ্রীয় সংস্কৃতি মন্ত্রক, ভারতীয় প্রত্নতাত্ত্বিক জরিপ বিভাগের সহযোগিতায়, ভারতের সমৃদ্ধ সাংস্কৃতিক ঐতিহ্যকে অনুসারী ১০০টি গুরুত্বপূর্ণ স্থানে বিশেষ যোগ কর্মসূচির আয়োজন করা হয়। এদিনে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী কলকাতার রেড রোডে দ্বাদশ আন্তর্জাতিক যোগ দিবস পালনের কেন্দ্রীয় অনুষ্ঠানে অংশগ্রহণ করেন। হাজার হাজার মানুষ সকালের এই যোগব্যায়ামে যোগ দেন। প্রধানমন্ত্রী বলেন, যোগ শুধু শারীরিক ব্যায়াম নয়, বা কোনো নির্দিষ্ট বয়সের মানুষের জন্য সীমাবদ্ধও নয়। যোগ আমাদের ভারসাম্যপূর্ণ জীবনযাপন এবং মানসিক স্বাস্থ্যের মাধ্যমে শারীরিক সুস্থতার পথ খুঁজে পেতে সাহায্য করে।

Byte PM

এদিকে, মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা গতকাল সকালে আগরতলার হাঁপানিয়া আন্তর্জাতিক মেলা প্রাঙ্গণের প্রদর্শনী হলে যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের উদ্যোগে এবং রাজ্য আয়ুষ্ মিশনের সহযোগিতায় আয়োজিত যোগ দিবসের রাজ্যভিত্তিক অনুষ্ঠানের উদ্বোধন করেন।

IYD-State-2:

ভারতীয় সেনাবাহিনীর রেড শিল্ড ডিভিশন গতকাল আগরতলায় আন্তর্জাতিক যোগ দিবস উদযাপন করেছে। কর্মসূচিতে অংশ নেন সেনার বিভিন্ন ইউনিটের জওয়ান ও আধিকারিকরা। বিএসএফ ত্রিপুরা ফ্রন্টিয়ারের অধীনে সমস্ত বিএসএফ ক্যাম্পাস এবং সীমান্ত চৌকিতেও আন্তর্জাতিক যোগ দিবস উদযাপন করা হয়। ধর্মনগরের গৌরী শঙ্কর রায় স্পোর্টস ইনডোর হলে উত্তর ত্রিপুরা জেলা ভিত্তিক যোগ দিবস পালিত হয়। দক্ষিণ জেলায় মূল অনুষ্ঠানটি হয় বিলোনিয়ার বি.কে.আই মাঠে। জোলাইবাড়ির রামঠাকুর আশ্রমে জোলাইবাড়ি ব্লক ভিত্তিক যোগ দিবস পালিত হয়। উনকোটি জেলাতে মূল অনুষ্ঠানটি হয় কৈলাশহরের প্রহ ও পর্যটনক্ষেত্র উনকোটিতে। জিরানিয়ায় বীরেন্দ্রনগর উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ে আয়োজিত হয় যোগ দিবসের অনুষ্ঠান।

IYD-Governor:

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাগ্নু চড়িলামের ভারতরত্ন অর্টল বিহারী বাজপেয়ী উচ্চমাধ্যমিক বিদ্যালয়ে গতকাল সিপাহীজলা জেলাভিত্তিক আন্তর্জাতিক যোগ দিবস উদযাপন অনুষ্ঠানের উদ্বোধন করেন। সিপাহীজলা জেলা প্রশাসন এবং জেলা যুব বিষয়ক ও ক্রীড়া কার্যালয় আয়োজিত অনুষ্ঠানে রাজ্যপাল বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির দূরদর্শী নেতৃত্ব ও অক্লান্ত প্রচেষ্টার ফলেই আন্তর্জাতিক যোগ দিবস বাস্তবে রূপ পেয়েছে। তিনি আরও বলেন, যোগ দিবসের লক্ষ্য হলো মানসিক চাপমুক্ত ও নেতিবাচকতা-মুক্ত একটি সমাজ গড়ে তোলা।

Ambubachi Utsab.

আজ থেকে শুরু হচ্ছে অন্যতম শক্তিপীঠ আসামের কামাখ্যা মন্দিরে চার দিন ব্যাপি অম্বুবাচি উৎসব। ত্রিপুরাতেও অম্বুবাচি উৎসবে সামিল হচ্ছেন রাজ্যের হিন্দু ধর্মাবলম্বী মহিলারা। এই উপলক্ষে আগরতলার লক্ষ্মীনারায়নবাড়ি, উমা মহেশ্বর কালীবাড়িসহ বিভিন্ন মন্দিরে প্রচুর পুণ্যার্থীর সমাগম হয়। মেলারও আয়োজন করা হয়।

President-Convocation:

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু বলেছেন, শিক্ষার্থীদের মধ্যে সৃজনশীল চিন্তাভাবনা, বৈজ্ঞানিক মানসিকতা এবং স্ব-উদ্যোগের মনোভাব গড়ে তোলা উচ্চশিক্ষা প্রতিষ্ঠানগুলোর অত্যন্ত গুরুত্বপূর্ণ দায়িত্ব। মধ্যপ্রদেশের জব্বলপুরে রানি দুর্গাবতী বিশ্ববিদ্যালয়ের ৩৬-তম সমাবর্তন অনুষ্ঠানে গতকাল তিনি একথা বলেন। তিনি শিক্ষার্থীদের পরামর্শ দেন, তারা যেন তাদের চারপাশের স্লুবিধাবঞ্চিত ও গ্রামীণ জনগোষ্ঠীর সমস্যা বুঝে প্রয়োজন অনুযায়ী সমাধান খুঁজেন, তাদের ক্ষমতায়নের মাধ্যমে উন্নয়নের মূলধারায় তাদের অন্তর্ভুক্ত করতে অবদান রাখেন।

CM-Blood Donation:

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা. মানিক সাহা বলেছেন, বর্তমানে রাজ্যে স্বেচ্ছায় রক্তদান এক সামাজিক আন্দোলনের রূপ লাভ করেছে। আগরতলা পুর নিগমের ৩৯ নম্বর ওয়ার্ডের কমিউনিটি হলে গতকাল আয়োজিত এক রক্তদান শিবিরের

উদ্বোধন করে তিনি একথা বলেন। তিনি বলেন, রক্তদান জীবন রক্ষার এক মহান ব্রত। তাই আরও বেশি করে মানুষকে স্বেচ্ছায় রক্তদানে উৎসাহিত করতে হবে।

Award-Unakoti:

উনকোটি জেলা প্রশাসন নয়াদিল্লি'তে ১০৮ তম সামিটের মঞ্চে সম্প্রতি "স্কচ পুরস্কার" পেয়েছে। উনকোটি জেলার জেলা শাসক মেঘা জৈন ও সদ্যবিদায়ী জেলাশাসক ডক্টর তমাল মজুমদার এর হাতে এই গৌরবময় পুরস্কার তুলে দেওয়া হয়। জানিয়েছেন, উনকোটি জেলার অতিরিক্ত জেলা শাসক সাগর শোভন দেবনাথ। স্কচ পুরস্কারটি একটি অ-সামরিক পুরস্কার। উল্লেখ্য যে, গত বছর জুলাই মাসে উনকোটি জেলা প্রশাসন থেকে "গাঁও কো আপনাও বদলাও লাও" এই ভাবনায় উদ্ভাবনী কর্মসূচি 'সম্পর্ক' চালু করা হয়েছিল। এই কর্মসূচির সফলতার নিরিখে পুরস্কার পায় উনকোটি জেলা।

Reunion -UKA 1976 :

আগরতলায় গতকাল রাজ্যের ঐতিহ্যবাহী উমাকান্ত একাডেমির ১৯৭৬ ব্যাচের পুনর্মিলন উৎসব বৃক্ষ রোপন সহ নানা কর্মসূচিতে আয়োজিত হয়। রাজ্যের মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাক্তার মানিক সাহা, আগরতলা পুর নিগমের মেয়র ও বিধায়ক দীপক মজুমদার সহ বিদ্যালয়ের প্রাক্তনীরা অনুষ্ঠানে অংশগ্রহণ করেন।

FIFA world cup.

২০২৬ ফুটবল বিশ্বকাপের সর্বশেষ তিনটি ম্যাচে স্পেন ৪-০ গোলে পরাজিত করেছে সৌদি আরবকে। অন্যদিকে, বেলজিয়াম ও ইরানের মধ্যে ম্যাচটি

গোলশূন্য ড্রয়ে শেষ হয়েছে। আর উরুগুয়ে ও কেপ ভার্দের লড়াই ২-২ গোলের সমতায় শেষ হয়েছে।

Weather :

আগামী ২৪ ঘন্টায় সবক'টি জেলায় বজ্রবিদ্যুৎ সহ ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৩.৫ ডিগ্রি সেলসিয়াস। গত ২৪ঘন্টায় বৃষ্টি হয়েছে ১০২ মিলিমিটার।
